

ধারণা পত্র

- প্রশিক্ষণের নাম : “Training on Human Rights & Gender Relation Analysis”
- কোর্সের উদ্দেশ্য : এই প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীগণ-
- ⇒ মানবাধিকার ও জেন্ডার বিষয়ে ধারণাগত স্পষ্টতা লাভ করবেন এবং তা অন্যদের বলতে পারবেন।
 - ⇒ মানবাধিকারের বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দলিল এবং ব্যবস্থাসমূহ ব্যাখ্যা করতে পারবেন।
 - ⇒ নারী পুরুষ বৈষম্যের কারণগুলো বিশ্লেষণ করতে পারবেন এবং তা দূরীকরণের উপায়সমূহ উল্লেখ করতে পারবেন।
 - ⇒ মানবাধিকার কর্মী হিসেবে নিজেদের দায়-দায়িত্ব চিহ্নিত করতে পারবেন।
- যাদের জন্য প্রযোজ্য : ঢাকায় অবস্থিত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী এবং মানবাধিকারভিত্তিক সংস্থার কর্মীবৃন্দ।
- সময়কাল : আগস্ট ১৫ এর ২য় সপ্তাহ থেকে (সপ্তাহে ২দিন করে ২ মাসে মোট ১৫ দিন।
সময় : দুপুর ২ টা থেকে বিকাল ৫ টা)
- ভেন্যু : ধানমন্ডি বা লালমাটিয়ায় অবস্থিত কোন প্রশিক্ষণ কক্ষ।
- প্রশিক্ষণের ভাষা : বাংলা
- কিভাবে অংশগ্রহণ করবেন : আগ্রহী ব্যক্তিগণ নির্দিষ্ট সময়ের মধ্যে সংযুক্ত ফরম পূরণ করে ও নির্ধারিত ফি পরিশোধের মাধ্যমে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন।

যেভাবে আবেদন করতে হবে:

- প্রত্যেক অংশগ্রহণকারীকে নির্দিষ্ট সময়ের (৬ আগস্ট, ২০১৫) মধ্যে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে নিম্ন ঠিকানায় পাঠাতে হবে।
- অংশগ্রহণকারীগণ ই-মেইল, ডাক অথবা সরাসরি আবেদন পাঠাতে পারবেন।
- জমাকৃত আবেদনপত্রের মধ্য থেকে মনোনীত অংশগ্রহণকারীদের ই-মেইল/এসএমএস এর মাধ্যমে অংশগ্রহণের বিষয়টি জানানো হবে।
- মনোনীত অংশগ্রহণকারীগণ নির্ধারিত কোর্স ফি নগদে পরিশোধের মাধ্যমে অংশগ্রহণ নিশ্চিত করবেন।
- www.askbd.org - website থেকেও ফরম সংগ্রহ করতে পারবেন।

কোর্স ফি:

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য- ৫০০০/- (প্রতিজন), NGO কর্মীদের জন্য- ৮০০০/- (প্রতিজন)।

মূল বিষয়বস্তু:

কোর্সটিতে যে সকল বিষয়ের উপর আলোকপাত করা হবে তা নিম্নে প্রদান করা হলো:

- মানবাধিকারের ধারণা, বৈশিষ্ট্য এবং মূলনীতি, ● মানবাধিকারের আন্তর্জাতিক দলিলসমূহ; ● জাতিসংঘ মানবাধিকার ব্যবস্থাসমূহ; ● মানবাধিকার ও রাষ্ট্রীয় বাধ্যবাধকতা; ● মানবাধিকার এবং সাংবিধানিক নিশ্চয়তা; ● মানবাধিকার সুরক্ষায় জাতীয় ব্যবস্থাপনাসমূহ; ● মানবাধিকার পরিস্থিতি মনিটরিং এবং বিভিন্ন মানবাধিকার ইস্যুতে অ্যাডভোকেসি; ● জেন্ডার এবং সেক্স এর ধারণা, জেন্ডার ভূমিকা এবং জেন্ডার শ্রম বিভাজন; ● ক্ষমতা ও প্রবেশাধিকার; ● পুরুষতন্ত্র এবং সামাজিকীকরণ প্রক্রিয়া; ● জেন্ডার চাহিদা ● সিডো এবং নারীর ক্ষমতায়; ● জেন্ডার, পরিবেশ ও উন্নয়ন; ● নারীবাদের দার্শনিক ভিত্তি।

প্রশিক্ষণ পদ্ধতি ও উপকরণ:

এই কোর্সটির লক্ষ্য ও উদ্দেশ্য পূরণের নিমিত্তে অংশগ্রহণমূলক পদ্ধতি ব্যবহার করা হবে। যেমন: কেস স্টাডিস, সাইমুলেশন, রোল প্লে, দলীয় কাজ, প্রদর্শন, দলীয় আলোচনা, বিতর্ক প্রতিযোগিতা এবং পাঠচক্র ইত্যাদি। বিষয়বস্তুর সাথে সংশ্লিষ্ট পাঠ উপকরণ সরবরাহ করা হবে। কোর্স মূল্যায়ণ শেষে অংশগ্রহণকারীদের সনদ প্রদান করা হবে।

সম্ভাব্য রিসোর্স পার্সনের তালিকা:

- ড: হামিদা হোসেন, প্রতিষ্ঠাতা সদস্য, আইন ও সালিশ (আসক)
- সুলতানা কামাল, নির্বাহী পরিচালক, আইন ও সালিশ কেন্দ্র (আসক)
- ড:মিজানুর রহমান, চেয়ারম্যান, জাতীয় মানবাধিকার কমিশন
- ড: নাসিম আক্তার হোসাইন, অধ্যাপক, সরকার ও রাজনীতি বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
- ড: মেঘনা গুহ ঠাকুরতা, নির্বাহী পরিচালক, রীব
- সুরাইয়া বেগম, সহকারী পরিচালক, রীব
- ড. ফস্টিনা পেরেরা, পরিচালক, মানবাধিকার ও আইন সহায়তা কর্মসূচি, ব্র্যাক
- মোতাহার আখন্দ, উর্ধ্বতন উপ-পরিচালক, প্রশিক্ষণ, দক্ষতা উন্নয়ন ও মানবাধিকার সচেতনায়ন কার্যক্রম, আসক
- অ্যাড.সানাইয়া ফাহীম আনসারী, উর্ধ্বতন উপ-পরিচালক, জেডার এন্ড সোস্যাল জাস্টিস এবং আউটরীচ ইউনিট, আসক
- অ্যাড. আবু ওবায়দুর রহমান, উর্ধ্বতন উপ-পরিচালক, অ্যাডভোকেসি ইউনিট
- অ্যাড. কামরুন্নেসা নাজলী, পলিসি অফিসার, অল্পফাম বাংলাদেশ

যোগাযোগ: প্রশিক্ষণ সংক্রান্ত যে কোন বিষয়ে বিস্তারিত জানার জন্য তানভিয়া রোজলিন সুলতানা, সমন্বয়কারী, প্রশিক্ষণ ইউনিট, আসক এর সাথে যোগাযোগের জন্য অনুরোধ করছি। মোবাইল: ০১৭৫১৯২৩৯০৯ (সকাল ১০টা থেকে দুপুর ১ টা পর্যন্ত) ই মেইল: ask@citechco.net sultanatanvi123@yahoo.com

ডাকযোগাযোগ ঠিকানা: প্রশিক্ষণ ইউনিট, আইন ও সালিশ কেন্দ্র (আসক), ৭/১৭, ব্লক- বি, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭